

শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি- দ্বিতীয়

বিষয় - ভূগোল

একক - গ্রামের কথা

অনুশীলন প্রশ্নপত্র:১

পূর্ণমান-২০. উত্তীর্ণ মান-৮

১। দু-এক কথায় উত্তর দাও: $8 \times ১=8$

ক) মেঠোপথ, পুকুর, ধান ক্ষেত - এইসব প্রাকৃতিক দৃশ্য

সাধারণতঃ কোথায় দেখতে পাওয়া যায়?

খ) গ্রামের মানুষেরা কোথা থেকে পানীয় জল সংগ্রহ করে?

গ) গ্রামে কেনা-কাটার জন্য বাজার এর পরিবর্তে কীসের ব্যবস্থা থাকে?

ঘ) গ্রামে উৎপন্ন দুটি শিল্পজাত দ্রব্যের নাম লেখো।

২। ঠিক অথবা ভুল লেখো: $8 \times ১=8$

ক) সব গ্রামেই একটি করে পোস্ট অফিস থাকে।

খ) অনেক গ্রামেই বিদ্যালয় ছাড়াও - মক্তব, টোল, মাদ্রাসা তেও পড়ানোর ব্যবস্থা থাকে।

গ) বিভিন্ন শিল্পের কাঁচামাল যেমন - পাট, তুলো এগুলি গ্রাম থেকে শহরে পাঠানো হয়।

ঘ) গ্রামের লোকদের স্বাস্থ্য ভালো না হওয়ায় তারা বেশি পরিশ্রম করতে পারে না।

৩। ভুল সংশোধন করো (এক কথায়) (পাঠ্য পুস্তক অনুযায়ী): $8 \times ১=8$

ক) গ্রামের পুরুষেরা শীতের সময় উলের সোয়েটার ব্যবহার করে থাকেন।

খ) গ্রামে চিকিৎসার জন্য হাসপাতালের ব্যবস্থা আছে।

গ) গ্রামে কাঁচা রাস্তা বেশি, তবে কিছু পাথর বিছানো রাস্তাও আছে।

ঘ) গ্রামের মানুষের খাদ্য তালিকায় যথেষ্ট পরিমাণে মোষের দুধ থাকে।

৪। পূর্ণবাক্যে উত্তর দাও :

ক)তুমি যে গ্রামে বাস করো সেটি কি একটি আদর্শ গ্রাম? কী কী বৈশিষ্ট্য দেখে তোমার গ্রাম কে একটি আদর্শ গ্রাম বলা যেতে পারে? (যেকোনো তিনটি বৈশিষ্ট্য লেখো) $১+৩=৪$

খ)i)মনে করো তুমি গ্রামে থাকো, কোনো একদিন তুমি কলকাতা শহরে বেড়াতে গেলে। - তোমার গ্রাম আর কলকাতা শহরের কী কী পার্থক্য তোমার চোখে পড়বে? (যেকোনো তিনটি পার্থক্য লেখো)

ii) এমন একটি যানবাহনের নাম লেখো, যা তোমার গ্রামে এবং কলকাতা শহরে দু-জায়গাতেই তুমি দেখতে পেয়েছো।
 $৩+১=৪$